

বিশেষ অনুশীলন

শ্রেণিঃ পঞ্চম

বিষয়ঃ প্রাথমিক গণিত

পূর্ণমান-৫০

সময়ঃ ১ ঘণ্টা ১৫ মিনিট

১। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ

$$১ \times ১০ = ১০$$

১) ১৮ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ কর।

১) ৯ ও ১৬ এর গ.সা.গু কত?

৩) $২ + \{(৯-৬) \times ৪ - ১২\} =$ কত?

৪) ৪ টি কলমের মূল্য ৮০ টাকা হলে ১০ টির দাম কত হবে?

৫) ১০০১×২৯০ কে সহজ পদ্ধতিতে গুণ করার জন্যে কিভাবে সাজাতে হবে?

৬) $(ক-১) \div ১২ = ৫$, এখানে “ক” এর মান কত হবে?

৭) ভাজ্য ৩২৬৪, ভাজক ১০০ হলে ভাগশেষ কত?

৮) খোলা বাক্য কাকে বলে?

৯) ক এর সাথে ৩০ গুণ করলে গুণফল ১২০ হলে ক এর মান কত?

১০) বর্গাকৃতির কিছু কাগজ আছে যার একটি বাহুর দৈর্ঘ্য ক সে.মি. হলে ঐ কাগজটির পরিসীমা কত?

২। একটি বাস স্টেশন থেকে “ক” কোম্পানির বাস ১৫ মিনিট পরপর এবং

“খ” কোম্পানির বাস ২৫ মিনিট পরপর ছাড়ে। সকাল ৮:৪৫ এ কোম্পানি

দুইটির বাস একত্রে ছাড়ে।

ক) পরবর্তী কোন সময়ে বাস দুইটি একত্রে ছাড়বে তা নির্ণয় করতে হলে কি করতে হবে? ২

খ) ১৫ ও ২৫ এর ল.সা.গু. নির্ণয় কর। ৩

গ) পরবর্তী যে সময়ে বাস দুইটি একত্রে ছাড়বে তখন ঘড়িতে সময় কত হবে? ৩

৩। ১৬ জন লোকের ১ সপ্তাহে ৫৬ কেজি চাল লাগে।

ক) ১ সপ্তাহের চাল বাবদ যদি ২৫৭৫ টাকা লাগে তাহলে ৪ সপ্তাহের খরচ কত? ২

খ) তাদের দৈনিক কত কেজি চাল লাগতে পারে? ৩

গ) প্রতি কেজি চালের দাম ৫০ টাকা হলে ১২ জন লোকের ৬ সপ্তাহে চাল বাবদ কত খরচ হবে তা বের কর। ৩

৪। শফিক সাহেবের মাসিক বেতন ৩৫,০০০ টাকা। তিনি মাসে বাড়িভাড়া বাবদ ৮৫০০ টাকা এবং সংসার খরচ বাবদ ১১,৫০০ টাকা ব্যয় করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন।

ক) বছরে শফিক সাহেবের বেতন কত? ২

খ) তিনি ৪ মাসে মোট কত টাকা খরচ করেন? ২

গ) ৬ মাসে সংসার খরচ বাবদ তিনি কত টাকা খরচ করেন? ২

ঘ) তিনি প্রতি মাসে ব্যাংকে কত টাকা জমা রাখেন? ২

৫। ৬ টি চেয়ার এবং চারটি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। একটি চেয়ারের মূল্য ৬২৫ টাকা।

ক) ৬ টি চেয়ারের মূল্য কত? ২

খ) ৪ টি টেবিলের মূল্য নির্ণয় কর। ৩

গ) ১ টি টেবিলের মূল্য কত টাকা হবে? ৩

৬। দুইটি ড্রামের ধারণক্ষমতা যথাক্রমে ২২৮ লিটার এবং ৩৪৮ লিটার।

ক) ড্রাম দুইটিতে মোট কত লিটার পানি ধরবে? ২

খ) মৌলিক উৎপাদকের সাহায্যে ২২৮ ও ৩৪৮ এর গ.সা.গু নির্ণয় কর। ২

গ) সর্বাধিক ধারণ ক্ষমতার কলসি দ্বারা ড্রাম দুইটিকে পানি দিয়ে ভরা হলে কোন ড্রামে কত কলসি পানি ধরবে? ২

ঘ) প্রতি লিটার পানির দাম ৯ টাকা হলে ১ম ড্রাম অপেক্ষা ২য় ড্রামে কত টাকার পানি বেশি ধরবে? ২